**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**11 AUGUST 2025** **7:35 AM IST**

=======================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর বাবা খরকসিং মার্গে সাংসদদের জন্য নির্মাণ করা ১৮৪ টি আবাসের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । টাইপ সেভেন মডেলের এই ভবন নতুন করে নির্মাণ করা হয়েছে । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নির্মান শ্রমিকদের সঙ্গে মত বিনিময় করা সহ জনগনের উদ্দেশ্যে ভাষণ দেবেন । প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানানো হয়েছে যে প্রায় ৫ হাজার বর্গফুট এলাকায় নতুন করে নির্মাণ করা প্রতিটি আবাসে সাংসদদের জন্য বাসস্থান এবং সরকারী কাজে ব্যবহার করার জন্য পর্যাপ্ত স্থান রয়েছে ।

---

দেশের নির্বাচন কমিশন জানিয়েছে যে ২০১৯ সাল থেকে এপর্যন্ত একাবারও নির্বাচনে প্রতিদ্বন্দিতা না করা দেশের ৩৩৪টি রাজনৈতিক দলের নাম বাদ দেওয়া হয়েছে । নির্বাচন কমিশন সূত্রে আরো জানানো হয়েছে যে এই রাজনৈতিক দলগুলির কার্যালয়েরও কোন সন্ধান পাওয়া যায় নি । উল্লেখ্য জনপ্রতিনিধিত্ব আইনের বিভিন্ন ধারার

অধীনে জাতীয় , রাজ্য ও রাজ্যগুলোর অস্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলগুলির নাম নির্বাচন কমিশনে পঞ্জীয়ন করা হয়ে থাকে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হর ঘর তিরঙ্গা যাত্রায় অংশ গ্রহনের জন্য জনসাধারণকে আহ্বান জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে এই যাত্রা দেশের জনসাধারণকে একত্রিত করে গভীর দেশপ্রেমের মনোভাব জাগিয়ে তোলে এবং জাতীয় পতাকার প্রতি তাঁদের শ্রদ্ধাকে প্রতিফলিত করে । প্রধানমন্ত্রী শ্রীমোদী জনসাধারণকে হর ঘর তিরঙ্গা ডট কম পোর্টেলে ফটো আপলোড করারও আহ্বান জানান ।

---

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে বাগবাড়ী-পিরেরচক গ্রাম পঞ্চায়েতে গতকাল তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়েছে । এই তিরঙ্গা যাত্রায় প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য , বাগবাড়ী-পিরেরচক গ্রাম পঞ্চায়েতের নব-নির্বাচিত সভাপতি শ্যামল বিশ্বাস , পঞ্চায়েত সদস্য এবং যুব মোর্চার সদস্য সহ স্থানীয় জনগন উপস্থিত ছিলেন । উল্লেখ্য হর ঘর তিরঙ্গা অভিযানকে সফল করতে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছে ।

---

রাজ্যে আগামী বছর অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের রণ কৌশল ঠিক করতে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির এক সভা গতকাল গুয়াহাটীর রাজীব ভবনে অনুষ্ঠিত হয়েছে । প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈর পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্য বিধানসভা নির্বাচন ও বি টি আর নির্বাচনের রণ

কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে । এদিকে মহিলা কংগ্রেসের সভানেত্রী মীরা বরঠাকুরের পৌরহিত্যে অনুরূপ সভাও রাজীব ভবনে অনুষ্ঠিত হয়েছে ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রের আজ ৫৪তম প্রতিষ্ঠা দিসব। ১৯৭২ সালের ১১ই আগষ্ট রাজ্যের তৎকালীন সরবরাহ মন্ত্রী মহিতোষ পুরকায়স্থ আকাশবাণী শিলচর কেন্দ্রের উদ্বোধন করেছিলেন । গত পাঁচ দশক থেকে আকাশবাণী শিলচর কেন্দ্র থেকে স্থানীয় কলা-কৃষ্টি ও সংস্কৃতির প্রচার-প্রসারে অবিরাম কাজ করে যাচ্ছে । বাংলা অনুষ্ঠানের পাশাপাশি ডিমাসা ও মনিপুরী ভাষায় ও চা জনগোষ্টীর অনুষ্ঠান প্রচার করে আসছে । এছাড়া আকাশবাণী শিলচর কেন্দ্রের সংবাদ বিভাগ তথ্য সমৃদ্ধ সংবাদ প্রচারে ও গুরুত্বপূর্ন অবদান রেখে চলছে ।

---

সারা আসাম কলেজ কর্মচারী সংস্থার বরাক উপত্যকা কমিটির সুর্বন জয়ন্তী উৎসব আগামী ২৮ , ২৯ ও ৩০শে ডিসেম্বর হাইলাকান্দির এস এস কলেজে অনুষ্ঠিত হবে ।

সংস্থার সভাপতি বিশ্বজিৎ দে-র পৌরহিত্যে সম্প্রতি শিলচর মহিলা কলেজে আয়োজিত সভায় বিশ্বজিৎ দে-কে সভাপতি , অজয় কুমার দাসকে সাধারন সম্পাদক মনোনীত করে সুর্বন জয়ন্তী উৎসব উদযাপন কমিটি গঠন করা হয়েছে । উল্লেখ্য ১৯৬৬ সালে আসাম কলেজ কর্মচারী সংস্থার বরাক উপত্যকা কমিটি গঠিত হয়েছিল ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় কালাখাল এফ সি ভাগা এফ সি-র মূখোমূখি হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় ওয়াই এম সি এ ৩-১ গোলের ব্যবধানে আর্জানপুর এস পি এম দল-কে পরাজিত করে ।